ঢাকা ওয়াসা

বিষয়ঃ সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ২ এর 'র' ওয়াটার এবং 'ট্রিটেড' ওয়াটার এর জুন /২০২৫ ইং মাসের (থার্ড পার্টি) ল্যাবরেটরি টেস্ট সংক্রান্ত।

১। পানি ও পয়ঃ শোধনাগার সার্কেলের ২০২৪/২৫ অর্থ বছরের বাজেট বরাদ্দের কপি।
৩। আলোচ্য কাজের বাজার দর
৩। প্রাক্কলন

০১। ক্রমিক নং ০১ থেকে ০৩ পর্যন্ত অনুগ্রহ পূর্বক দেখা যেতে পারে। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পানি ও পয়ঃ শোধনাগার সার্কেলের আওতাধীন সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ ১ ও ২ হতে প্রতি মাসে 'র' ওয়াটার পাম্পিং স্টেশন থেকে 'র' ওয়াটার এবং 'ট্রিটেড' ওয়াটার পাম্পিং স্টেশন থেকে 'ট্রিটেড' ওয়াটার এর নমুনায় পানির কেমিক্যাল প্যারামিটার যথাক্রমে- অ্যালুমিনিয়াম (Al), ক্রোমিয়াম (Cr), নিকেল (Ni), লেড (Pb) এবং মাইক্রোবায়োলজিক্যাল প্যারামিটার- Total coliform, Fecal coliform, *Vibrio cholerae*, *Shigella spp*, Total aerobic bacterial count এবং Thermotolerant *Escherichia coli* প্রভৃতি এর মাত্রা ঢাকা ওয়াসার ল্যাবরেটরী ব্যতিত অন্য প্রতিষ্ঠানের ল্যাবরেটরীতে পরীক্ষা করানো হয়। শুষ্ক মৌসুমে পানি বাহিত রোগের প্রাদুর্ভাব বাড়ার কারনে অনেক সময় পত্র পত্রিকায় ভুল তথ্য উপস্থাপন করা হয়। উপরোক্ত টেস্ট সমূহ ঢাকা ওয়াসার নিয়মিত ল্যাবরেটরির পাশাপাশি আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠান icddr,b এবং অন্য রেফারেন্স ল্যাবরেটরী থেকে মাসে ন্যূনতম ০১ (এক) বার পরীক্ষা করানো প্রয়োজন। যার মাধ্যমে গ্রাহক পর্যায়ে সরবরাহকৃত পানির মান অধিকতর নিশ্চিত করন সম্ভবপর হয়। র ওয়াটার এবং ট্রিটেড ওয়াটার এর নমুনায় কেমিক্যাল প্যারামিটার এবং মাইক্রোবায়োলজিক্যাল প্যারামিটার টেস্ট করানোর জন্য বিভিন্ন ল্যাবরেটরি থেকে টেস্টিং রেট সংগ্রহ করা হয়েছে। জুন/২০২৫ ইং মাসে BSTI ঢাকা ল্যাব থেকে কেমিক্যাল প্যারামিটার, icddr,b থেকে মাইক্রোবায়োলজিক্যাল টেস্ট প্যারামিটার, নমুনা বোতল সংগ্রহ, নমুনা প্রাদান ও রিপোর্ট সংগ্রহ প্রভৃতি আনুষঙ্গিক কাজের খরচের জন্য একটি প্রাক্কলন উপস্থাপন করা হল। প্রাক্কলিত টাকার পরিমাণ টাঃ ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত টাকা) মাত্র। কাজটির ব্যয়ভার পানি ও পয়ঃ শোধনাগার সার্কেলের ২০২৪-২০২৫ ইং অর্থ বছরের পানির মান পরীক্ষন ব্যয় (কোডঃ ০১-০২-০২৬) খাত হতে বহন করা যেতে পারে।

০২। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ ১ ও ২ এর 'র' ওয়াটার ও 'ট্রিটেড' ওয়াটার এর ~~মার্চ~~ জুন/২০২৫ ইং মাসের টেস্ট ও আনুষঙ্গিক কাজের খরচ বাবদ বাবদ প্রাক্কলিত টাঃ ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত টাকা) মাত্রের প্রাক্কলনটি পিপিআর ২০০৮ এর বিধি ৮১ (১) অনুযায়ী সরাসরি ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে সম্পাদনের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

03.06.2025
Muhammad Ehteshamul Haque
Assistant Microbiologist
SWTP-1 (Quality Control Unit)
Dhaka WASA

3/6/25
Nadia Afrin Beauty
Microbiologist
SWTP-1 (Quality Control Unit)
Dhaka WASA

03/06/25
SE (WS TPC)
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
নথি প্রেরণের নং ২৬৮ তাং ৩/৬/২৫

SE, WSTPC

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী

বিষয়ঃ সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ২ এর 'র' ওয়াটার এবং 'ট্রিটেড' ওয়াটার এর জুন/২০২৫ ইং মাসের (থার্ড পার্টি) ল্যাবরেটরি টেস্ট খরচের প্রাক্কলন।

ক্রমিক নং	কাজের বিবরণ	পরিমান (সংখ্যা)	একক দর (টাকা)	নমুনা (সংখ্যা)	সর্বমোট টাকা
০১	কেমিক্যাল প্যারামিটার যথাক্রমে- অ্যালুমিনিয়াম (Al), ক্রোমিয়াম (Cr), নিকেল (Ni), লেড (Pb) এর মাত্রা নির্ধারণ (BSTI ঢাকা ল্যাব)	লট	২৩০০/-	০২	৪৬০০/-
০২	icddr,b থেকে মাইক্রোবায়োলজিক্যাল প্যারামিটার- Total coliform, Faecal coliform, Total aerobic bacterial count, Faecal streptococci, *Vibrio cholerae, Pseudomonas spp*, Thermotolerant *Escherichia coli. Salmonella spp* এবং *Shigella spp*	লট	৮২০০/-	০২	১৬৪০০/-
০৩	নমুনা বোতল, গালা প্রভৃতি সংগ্রহ	লট	২৫০০/-	---	২৫০০/-
০৪	বিএসটিআই (ঢাকা) এবং icddr,b (মহাখালী) ল্যাবে নমুনা প্রদান এবং রিপোর্ট সংগ্রহের জন্য যাতায়াত খরচ	লট	১০০০/-	---	১০০০/-
				মোট টাকা	২৪,৫০০/-

সর্বমোট (কথায়): চব্বিশ হাজার পাঁচশত টাকা মাত্র।

03.06.2025
মুহাম্মদ এহতেশামুল হক
সহকারী মাইক্রোবায়োলজিষ্ট
মান-নিয়ন্ত্রন ইউনিট
সাঃপাঃশোঃফেজ-১
ঢাকা ওয়াসা

03.06.25
সাদিয়া আফরিন বিউটি
মাইক্রোবায়োলজিষ্ট
মান-নিয়ন্ত্রন ইউনিট
সাঃপাঃশোঃফেজ-১
ঢাকা ওয়াসা

03.06.25
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল
ঢাকা ওয়াসা